২৫ অনুচ্ছেদ পত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৭০.১৮-২০৬

তারিখঃ ২৫ শ্রাবণ ১৪২৭ / ০৯ আগস্ট ২০২০

বিষয়ঃ মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-১৫৬২৭/২০১৭ মামলার ২১.০১.২০ তারিখের অন্তবর্তীকালীন আদেশ তথা রুল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত (ট্রাস্ট কর্তৃক পরিচালিত) নোয়াখালী জেলার বেগমগঞ্জ দারুলফালাহ ফাযিল মাদ্রাসার এর গভর্নিং বডির বিদ্যোৎসাহী প্রতিনিধি মনোনয়ন।

সূত্র: TMED এর স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৭০.১৮-১৫৬ তারিখ: ২৩.০৩.২০ খ্রি।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, নোয়াখালী জেলার বেগমগঞ্জ দারুলফালাহ ফাযিল মাদ্রাসার ৬ষ্ঠ নব নির্বাচিত ট্রাস্ট গভর্নিং বডির বিদ্যোৎসাহী সদস্য পদে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বেগমগঞ্জ নোয়াখালীকে মহোদয় কর্তৃক মনোনয়নের দাবী বর্ণিত প্রতিষ্ঠানের অধ্যক্ষ কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ১৫৬২৭/২০১৭ দায়ের করা হয়।

০২। উক্ত রিট মামলায় গত ২১.০১.২০ তারিখের আদেশে সম্পুরক রুল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত অন্তর্বর্তীকালীন দারুলফালাহ কামিল মাদ্রাসার গভর্নিং বডির বিদ্যোৎসাহী প্রতিনিধি মনোনয়নের জন্য আদেশ দেয়া হয়।

০৩। শিক্ষা মন্ত্রণালয়ের ০৯.০৫.৯৩ তারিখের শা:১৫/২-২-৯০/১২৭ সংখ্যক স্মারকের নির্দেশ মোতাবেক বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক গত ১০.০৭.৯৩ তারিখের প্রশা/২০১৮৩/এন-১৭০ সংখ্যক আদেশের আলোকে দারুল ফালাহ ফাউন্ডেশন বাংলাদেশ নামক ট্রাস্টের আওতায় দারুল ফালাহ ফাযিল মাদ্রাসার ট্রাস্ট পরিচালিত মাদ্রাসার গভর্নিং বডির বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর ১৯৭৯ সনের গভর্নিং বডি এন্ড ম্যানেজিং কমিটির রেগুলেশনের ২৪(১) ধারা এর নির্দেশ মতে ট্রাস্ট গভর্নিং বডি গঠন করা হয়।

০৪। গভর্নিং বডি গঠনের লক্ষ্যে বিদ্যোৎসাহী সদস্য মনোনয়নের জন্য বর্ণিত প্রতিষ্ঠানের অধ্যক্ষ কতৃক গত ২৪.০৫.১৭ তারিখে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় বরাবর আবেদন দাখিল করা হয়।

০৫। উক্ত আবেদনটি নিষ্পত্তি না হওয়ায় অধ্যক্ষ কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৫৬২৭/২০১৭ দায়ের করা হয়। উক্ত মামলায় গত ২১.০১.২০ তারিখের আদেশ মোতাবেক ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ১২.০২.১৮ তারিখের ইআরবি/রেজি/প্রশা/৪৮০৮ ও ২৫.০৯.২০১৯ তারিখ ইআবি/রেজি/প্রশা/ফা.গ.ব/চ-২৩১/২০১৬/৮৯৫১ মূলে এডহক কমিটি গঠন সংক্রান্ত আদেশ নথিভুক্ত হওয়ায় ০৬.১১.১৭ তারিখের আদেশ ও ০৪.০৪.১৮ তারিখের সম্পূরক রুল বহাল থাকায় প্রস্তাবিত বিদ্যোৎসাহী প্রতিনিধি মনোনয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়কে নির্দেশ দেয়ার জন্য অনুরোধ জানিয়ে পত্র দেয়া হয়েছে।

০৬। উক্ত মামলায় গত ০৬.১১.১৭ তারিখে নিম্নোক্ত অন্তর্বর্তীকালীন আদেশ দেয়া হয়:

Pending hearing of the Rule, the responding No. 2 is directed to dispose of the application dated 24.05.2017 as evident from Annexure -I within 30 (thirty) days from the date of receipt of a copy of this order, in accordnace with law.

০৭। উক্ত রিট মামলার আদেশের প্রেক্ষিতে ইসলামী আরবি বিশ্ববিদ্যায় কর্তৃক গত ১২.০২.১৮ তারিখের ৪৮০৮ সংখ্যক স্মারকমূলে ট্রাস্ট আইন মোতাবেক দারুল ফালাহ ফাউন্ডেশন ট্রাস্টে অন্তর্ভূক্তির কার্যক্রম সমাপ্ত না হওয়ায় এবং অধ্যক্ষ কর্তৃক ০৮.১১.১৪ তারিখে দারুল ফালাহ ফাজিল মাদ্রাসাকে ট্রাস্টের অন্তর্ভূক্তি না করার চুক্তিবদ্ধ হওয়ায়, ২৪.০৫.১৭ তারিখের আবেদন মোতাবেক ট্রাস্ট কর্তৃক পরিচালিত গভর্নিং বডির বিদ্যোৎসাহী সদস্য মনোনয়ন দেয়া সম্ভব নয় মর্মে আবেদনটি নিষ্পত্তি করে এডহক কমিটির প্রস্তাব প্রেরণের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অধ্যক্ষকে অনুরোধ করা হয়।

০৮। এডহক কমিটি প্রস্তাব প্রেরণের বিষয়ে উক্ত রিট মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক গত ০৪/০৪/২০১৮ তারিখে শুনানী শেষে নিম্নরুপ সাপ্লিমেন্টরী রুল জারি করা হয়-

"Let a supplementary Rule Nisi be issued calling upon the respondents to show cause as to why the memo no. ইআবি/রেদি/প্রশা/৪৮০ dated 12.02.2018 (Anneuxe-K1) to the application should not be declared to have made without lawful authority and is of no legal effect and/or pass such other of further order of orders as to this Court may seem fit and proper.

চলমান পৃষ্ঠা

০৯। পিটিশনার এর ২৪/০৫/২০১৭ তারিখের আবেদনটি নিষ্পত্তিক্রমে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক জারীকৃত ১২/০২/২০১৮ তারিখের ৪৮০ সংখ্যক স্মারকের কার্যক্রম কেন বেআইনী ঘোষণা করা হবেনা সেমর্মে কারণ দর্শাইতে রেসপনডেন্টগণের প্রতি supplementary রুল জারি করা হয়।

১০। রিট পিটিশন নং-১৫৬২৭/২০১৭ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক শুনানীয়ন্তে ২১.০১.২০২০ তারিখে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হয় :

"This is an application filed by the petitioner applicant for stay. On the prayer of the learned advocate for the petitioner, let the application for stay by kept on record.

১১। যেহেতু রিট মামলায় ২১.০১.২০ তারিখের আদেশে (ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ১২.০২.১৮ তারিখের ইআরবি/রেজি/প্রশা/৪৮০৮ মূলে) এডহক কমিটি গঠন সংক্রান্ত আদেশ নথিভুক্ত করা হয়েছে সেহেতু রিট মামলায় ০৬.১১.১৭ তারিখের আদেশ ও ০৪.০৪.১৮ তারিখের সম্পূরক রুল বহাল থাকায় বিদ্যোৎসাহী সদস্য মনোনয়ন আবশ্যক।

১২। অধ্যক্ষ, দারুলফালাহ ফাযিল মাদ্রাসার আবেদনের বিষয়বস্তু হলো- ইসলামি আরবি বিশ্ববিদালয় কর্তৃক উক্ত মাদ্রাসার গভর্ণিং বডি -তে বিদ্যোৎসাহী সদস্য (ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় সংশ্লিষ্ট) মনোনয়ন সংক্রান্ত এবং উক্ত মনোনয়নের বিষয়টি ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক সম্পাদন করা হয়ে থাকে।

১৩। এমতাবস্থায়, রিট পিটিশন নং-১৫৬২৭/১৭ মামলায় গত ০৬.০১.১৭ এবং গত ২১.০১.২০ তারিখে মহামান্য আদালত কর্তৃক প্রদত্ত আদেশ বিবেচনায় নিয়ে এ বিষয়ে প্রয়োজনীয় আইনানুগ পদক্ষেপ গ্রহণক্রমে গৃহীত ব্যবস্থার তথ্যাদি ৩০.০৩.২০ তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য অনুরোধ করা হলেও দীর্ঘ ১২০ দিন অতিক্রান্ত হওয়া সত্ত্বেও গৃহীত কার্যক্রমের তথ্যাদি পাওয়া যায়নি বিধায় আগামী ২৫.০৮.২০ খ্রি. তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে ২য় বারের মতো অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন- ৯৫৭৫২৭২

রেজিস্ট্রার
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
বাড়ী নং-১২৪/২২, ব্লক-এ, সড়ক নং-০৩
পশ্চিম ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।

অনুলিপিঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম ও ১০ তলা), নিউ বেইলী রোড, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাক (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। অধ্যক্ষ, দারুলফালাহ ফাযিল মাদ্রাসা, ডাক-খানপুর, উপজেলা-বেগমগঞ্জ, জেলা-নোয়াখালী।
৬। অফিস কপি/মাস্টার কপি।